# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন**


**ডিওএস সার্কুলার লেটার নং-১০**

**তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৪ জুন ২০২৫**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**আমের মৌসুমে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ সাপ্তাহিক ছুটির দিন (শনিবার) সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,

চলতি আমের মৌসুমে বৃহত্তর রাজশাহী অঞ্চলের চাঁপাইনবাবগঞ্জ (শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর, গোমস্তাপুর ও ভোলাহাট উপজেলা), নওগাঁ (সাপাহার, পোরশা ও নিয়ামতপুর উপজেলা), রাজশাহী ও নাটোর জেলার বিভিন্ন উপজেলায় গড়ে ওঠা স্থায়ী/অস্থায়ী আমের বাজার সংলগ্ন ব্যাংকের শাখাসমূহে নগদ অর্থের পর্যাপ্ত সরবরাহ/জমা নিশ্চিতকরণ এবং ব্যবসায়ীদের নগদ অর্থ সংরক্ষণজনিত ঝুঁকি নিরসনের লক্ষ্যে আগামী ৩১ জুলাই ২০২৫ পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিন প্রতি শনিবার (ঈদের দিন ব্যতীত) পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আপনাদের স্বীয় বিবেচনায় সীমিত পরিসরে ব্যাংকের শাখা/উপশাখা খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (ডিওএস)
ফোন: ৯৫৩০০৯৩